গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
ডকুমেন্টেশন অ্যান্ড ইভ্যালুয়েশন শাখা
www.bcsadminacademy.gov.bd

নম্বর-০৫.০২.০০০০.০১২.০০.০০৫.১৮- ১১৫ তারিখ: ১৬/০৮/২০২০ খ্রি:

| | | |
|---|---|---|
| বিষয় | : | বিসিএস প্রশাসন একাডেমির ইনোভেশন উদ্যোগ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী |
| সভাপতি | : | মোহাম্মদ খালেদ রহীম, পরিচালক (তথ্য প্রযুক্তি), বিসিএস প্রশাসন একাডেমি |
| স্থান | : | পরিচালক (তথ্য প্রযুক্তি) এর অফিস কক্ষ |
| তারিখ ও সময় | : | ১৬/০৮/২০২০ খ্রিস্টাব্দ সকাল ১১:০০ টা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-১ |

বিসিএস প্রশাসন একাডেমির ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন কর্ম পরিকল্পনা ও ইনোভেশন আইডিয়া প্রণয়নের লক্ষ্যে ইনোভেশন টিমের আহবায়ক উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর ইনোভেশন টিমের সদস্য সচিব উপপরিচালক (ডকুমেন্টেশন অ্যান্ড ইভ্যালুয়েশন) সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম: | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১। | ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনা তথ্যবাতায়নে প্রকাশ | ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। গৃহীত কর্মপরিকল্পনার একটি তালিকা তথ্যবাতায়নে প্রকাশ করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা অনুসারে গৃহীত কর্মসূচী যথাসময়ে সম্পন্ন করার জন্য ইনোভেশন টিমের সদস্যসচিবকে অনুরোধ করা হয়। | কর্মপরিকল্পনায় উল্লেখিত কার্যসমূহ নির্ধারিত তারিখের পূর্বেই সম্পন্ন করতে হবে। | উপপরিচালক (ডকু: অ্যান্ড ইভ্যা:) ও সদস্যসচিব |
| ০২। | বাজেট | গত অর্থবছরে উদ্ভাবন খাতে ২০ (বিশ) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেলেও এ বছর উদ্ভাবনী খাতে কোন বরাদ্দ পাওয়া যায়নি। উদ্ভাবনী খাতে বরাদ্দের বিষয়ে আলোচনা করা হয়। | ১। সংশোধিত বাজেটে এই অর্থবছরে উদ্ভাবন খাতে যাতে বরাদ্দ পাওয়া যায় সে বিষয়টি অন্তর্ভূক্ত করার জন্য হিসাবরক্ষণ কর্মকর্তাকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা যেতে পারে।<br>২। উদ্ভাবনী খাতে বরাদ্দ আসার পূর্ব পযন্ত প্রশিক্ষণ খাত থেকে বরাদ্দ দিয়ে উদ্ভাবন কার্যক্রম পরিচালনা করা যেতে পারে এবং এ বিষয়ে সিদ্ধান্তের লক্ষ্যে পরবর্তী সমন্বয় সভায় বিষয়টি উথাপনের জন্য সদস্যসচিবকে অনুরোধ করা হয়। | উপপরিচালক (ডকু: অ্যান্ড ইভ্যা:) ও সদস্যসচিব |
| ০৩। | প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার | উদ্ভাবন ও সেবা সহজীকরণ, উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি এবং সহজীকরণে সক্ষমতা বৃদ্ধি করণের লক্ষ্যে কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণ কার্যক্রম অধিকতর কার্যকর ও ফলপ্রসূ করার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় এর সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপপরিচালক (ডকু: অ্যান্ড ইভ্যা:) ও সদস্যসচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪। | উদ্ভাবনী ধারণা প্রেরণ | বিসিএস প্রশাসন একাডেমির সম্মানিত অনুষদবর্গ এর নিকট থেকে একাডেমিতে গ্রহণযোগ্য ও বাস্তবায়িত হতে পারে এমন সব ধারণাসমূহ সংগ্রহ করার বিষয়ে আলোচনা করা হয় | উদ্ভাবনী ধারণাসমূহ আগামী তিন কর্মদিবসের মধ্যে নিম্নবর্ণিত ছক মোতাবেক ইনোভেশন টিমের আহবায়ক, জনাব মোহাম্মদ খালেদ রহীম, পরিচালক (তথ্য প্রযুক্তি), বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় | উপপরিচালক (ডকু: অ্যান্ড ইভ্যা:) ও সদস্যসচিব |

**উদ্ভাবনী ধারণার প্রস্তাব প্রেরণের ছক**

| ক্রমিক | উদ্ভাবনী ধারণাসমূহের নাম | লক্ষ্য ও উদ্দেশ্য | আইডিয়া বাস্তবায়নের জন্য সম্ভাব্য ব্যয় | সম্ভাব্য ব্যয় বিভাজন | কার্যক্রমের সম্ভাব্য সময়কাল ------থেকে----- | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৬.০৮.২০২০

মোহাম্মদ খালেদ রহীম
পরিচালক (তথ্য প্রযুক্তি)
ও
আহবায়ক
ইনোভেশন টিম

নম্বর-০৫.০২.০০০০.০১২.০০.০০৫.১৮-১১৫ তারিখ: ১৬/০৮/২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:
০১। সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য, বিসিএস প্রশাসন একাডেমি
০২। রেক্টর এর একান্ত সচিব, বিসিএস প্রশাসন একাডেমি (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। এমডিএস মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর ব্যক্তিগত সহকারী
০৪। অফিস কপি

১৬.০৮.২০২০

মোহাম্মদ খালেদ রহীম
পরিচালক (তথ্য প্রযুক্তি)